দৈনিক ইত্তেফাক



বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 23 JUN 1989 ...
পৃষ্ঠা ... ... ... কলাম 1 ... ...

কামিল পরীক্ষা

## মন্ত্রী নকলকারীকে হাতেনাতে ধরিয়া ফেলিলেন

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম গতকাল (বৃহস্পতিবার) আকস্মিকভাবে ঢাকা আলিয়া মাদ্রাসা এবং মোহাম্মদপুর কাদেরিয়া তৈয়াবিয়া সিনিয়র মাদ্রাসার আলিম, ফাজিল ও কামিল পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। গতকাল কামিল ৫ম

(শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

### কামিল পরীক্ষায়

(১ম পৃ: পর)

পত্রের (হাদিস) পরীক্ষা অনুষ্ঠিত হয়।

আলিয়া মাদ্রাসা কেন্দ্রে মন্ত্রীর উপস্থিতি টের পাইয়া পরীক্ষার্থীরা জানালা দিয়া প্রচুর পরিমাণ নকল ফেলিতে থাকে। পরিদর্শনের এক পর্যায়ে মন্ত্রী পরীক্ষার্থীদের তাড়াহুড়া করিয়া ফেলা প্রচুর পরিমাণ নকল পায়খানা-প্রশ্রাবখানায় দেখিতে পান। তিনি সেখানে একজন পরীক্ষার্থী এবং দুইজন পরিদর্শককে বহিষ্কার করেন। ইহাছাড়া পরীক্ষা হল এবং বারান্দা হইতে প্রচুর পরিমাণ নকল উদ্ধার করা হয়।

মোহাম্মদপুর কাদেরিয়া তৈয়বিয়া সিনিয়ার মাদ্রাসা কেন্দ্র পরিদর্শনকালে মন্ত্রী কেন্দ্রের তৃতীয় তলার গেটে তালা লাগাইয়া শিক্ষকদের সহযোগিতায় পরীক্ষার্থীদের অবাধে নকল করিতে দেখিতে পান। এই কেন্দ্রে মন্ত্রী দুইজন নকলকারীকে হাতেনাতে ধরিয়া ফেলেন। সেখানেও পরীক্ষার্থীরা প্রচুর পরিমাণ নকল জানালা দিয়া নীচে ফেলিয়া দেয়।

এই অবস্থায় মন্ত্রী গভীর অসন্তোষ প্রকাশ করেন এবং অবিলম্বে এই কেন্দ্র বাতিল করিয়া আগামীকাল (শনিবার) হইতে আলিয়া মাদ্রাসায় কেন্দ্র স্থানান্তরের নির্দেশ দেন। তিনি এই মাদ্রাসার সরকারী অনুদান বন্ধ করারও নির্দেশ প্রদান করেন। শিক্ষামন্ত্রী আগামী পরীক্ষার দিন হইতে আলিয়া মাদ্রাসা কেন্দ্রের পরিদর্শক পরিবর্তন করিয়া নতুন পরিদর্শক নিয়োজিত করার জন্য মাদ্রাসা শিক্ষা বোর্ডের প্রতি নির্দেশ দেন। —তথ্য বিবরণী।